

26/9/2007

# দৈনিক জনকণ্ঠ

তারিখ ... ..  
পৃষ্ঠা ২ কলাম ... ..

## ভর্তির নীতিমালা লঙ্ঘন ॥ কলেজগুলো শুধু ফরমের জন্যই নিচ্ছে তিনগুণ বেশি টাকা !

জনকণ্ঠ রিপোর্ট ॥ রাজধানীর বিভিন্ন কলেজ ভর্তির নীতিমালা লঙ্ঘন করছে। শিক্ষা মন্ত্রণালয় ও সাতটি শিক্ষা বোর্ড একাদশ শ্রেণীতে ভর্তির জন্য নীতিমালা প্রণয়ন ও তা ব্যাপকভাবে প্রচার করলেও অধিকাংশ কলেজ নিজেদের পছন্দমতো ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করছে। বিশেষ করে ভর্তি ফরম ও ভর্তি পরীক্ষার খরচ বাবদ যে টাকা মন্ত্রণালয় ও বোর্ড নির্ধারণ করে দিয়েছে তা কোন কলেজই মানছে না। ভর্তিচ্ছ ও তাদের অভিভাবকদের কাছ থেকে নির্ধারিত ফিসের তিনগুণ বা তার চেয়ে বেশি অর্থ আদায় করা হচ্ছে। আসন সংখ্যা উল্লেখ করে ভর্তি বিজ্ঞাপন দেবার নির্দেশনা থাকলেও কোন কলেজই তা অনুসরণ করছে না। ভর্তিচ্ছ ও তাদের অভিভাবকরা এমন পরিস্থিতিতে একদিকে অসহায়, অন্যদিকে ক্ষুব্ধ জানা যায়, রাজধানীতে একাদশ শ্রেণীতে ভর্তির তোড়জোড় চলছে। শ্রেডিং সিস্টেমে এসএসসির ফল প্রকাশের পর ভর্তি নিয়ে শিক্ষার্থী ও অভিভাবকরা উদ্বিগ্ন। ইতোমধ্যে শিক্ষা মন্ত্রণালয় ও বিভিন্ন শিক্ষা বোর্ড ভর্তি নীতিমালা প্রকাশ করেছে। এই নীতিমালা উপেক্ষা বা আংশিক অনুসরণের কারণে ভর্তিচ্ছ ও তাদের অভিভাবকরা আর্থিক ও মানসিক হয়রানির শিকার হচ্ছে। নীতিমালায় বলা হয়েছে যে, প্রত্যেক কলেজ ভর্তির আবেদন ফরম ও ভর্তি পরীক্ষা পরিচালনার ব্যয় নির্বাহের জন্য সর্বমোট ৬০ টাকা নিতে পারবে। এর মধ্যে আবেদন ফরমের মূল্য ১০ টাকা ও ভর্তি পরীক্ষার খরচ বাবদ ৫০ টাকা। কিন্তু এই নীতিমালা কোথাও

অনুসরণ হচ্ছে না। অন্তত ২০টি কলেজে খোঁজ নিয়ে জানা গেছে যে, প্রত্যেকটি কলেজ ১৫০ থেকে ২০০ টাকা আদায় করছে। একটি কলেজও পাওয়া যায়নি যেখানে সরকারী নীতিমালা অনুযায়ী ৬০ টাকা নেয়া হচ্ছে। এক ক্ষুব্ধ অভিভাবক টেলিফোনে জনকণ্ঠকে জানান, ভর্তির নীতিমালা যদি নাই মানা হবে তাহলে এই নীতিমালা প্রণয়নের অর্থ কি? তিনি আর জানালেন, তার মেয়ের জন্য চারটি কলেজ থেকে ভর্তি ফরম আনা হয়েছে। তিনটি কলেজ থেকে ফরমের দাম রাখা হয়েছে দু'শ' টাকা করে এবং একটি কলেজে রাখা হয়েছে দেড় শ' টাকা। এদিকে ভর্তি নীতিমালায় বলা হয়েছে যে, প্রত্যেক কলেজ ভৌত অবকাঠামো, শিক্ষক ও আসবাবপত্র অনুযায়ী ছাত্র ভর্তি করবে। ভর্তির আগে কত ছাত্র ভর্তি করা হবে তা বিজ্ঞাপনে উল্লেখ করতে হবে। কিন্তু এ পর্যন্ত যত কলেজ ভর্তি বিজ্ঞাপন দিয়েছে কেউই কত ছাত্র ভর্তি করবে তা উল্লেখ করেনি। এর ফলে ভর্তিচ্ছ ও তাদের অভিভাবকরা আসন সম্পর্কে এক রকম অন্ধকারে থাকছে। ভর্তি পরীক্ষার বিষয় সম্পর্কেও বিভিন্ন কলেজে ভিন্নতা রয়েছে। ভর্তি ফরম ও পরীক্ষা খরচ বাবদ দু'শ' টাকা নেয়া হচ্ছে এমন একটি কলেজের অধ্যক্ষ জনকণ্ঠকে বলেন, শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ড ৬০ টাকা নির্ধারণ করলেও ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে খরচ পড়ে আরও বেশি। তাছাড়া আজকের যুগে দেড় শ' বা দু'শ' টাকা একজন অভিভাবকের পক্ষে দেয়া কঠিন কোন ব্যাপার নয়।